ঝিনাইদহে তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং মাদকাসক্তি, আত্মহত্যা, বাল্যবিবাহসহ বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে ঝিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে ঝিনাইদহ সদর উপজেলার বাজার গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৩২৭ সংরক্ষিত মহিলা আসনের জাতীয় সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কালচারাল অফিসার মোঃ জসিম উদ্দিন, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াদ রায়হান আবির, যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মিজানুর রহমান, মধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলতাফ হোসেন ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলী হাসান।

অনুষ্ঠানের উদ্দেশ্যসহ স্মার্ট বাংলাদেশ, বাল্যবিবাহ, আত্মহত্যা প্রভৃতি বিষয় তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন জেলা তথ্য অফিসার আবুবকর সিদ্দীক।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য খালেদা খানম বলেন, স্মার্ট বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত নতুন এক উন্নয়ন দর্শন। এটি এমন এক উন্নয়ন দর্শন যেখানে প্রযুক্তিকে কাজে লাগিয়ে দুর্নীতিমুক্ত একটি রাষ্ট্র বিনির্মাণ করা হবে এবং ভোগান্তি ছাড়া প্রত্যেক নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের সুবর্ণ এক সুযোগ। এই স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি থাকবে সেগলি হলো- স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকনোমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি। মূলত স্মার্ট সিটিজেন গড়ে তুলতে পারলেই পরবর্তী ভিত্তিগুলি রচনা করা সম্ভব হবে। ইতোমধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার মধ্য দিয়ে স্মার্ট গভর্নমেন্টের শক্ত ভিত্তি রচিত হয়েছে। সময়ের সাথে সাথে এই প্রক্রিয়া আরো শক্তিশালী হবে। তিনি স্মার্ট সিটিজেন গড়ে তোলার জন্য ছেলে-মেয়েদেরকে আধুনিক তথ্য-প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ

করেন।

এছাড়া সমাজ থেকে বাল্যবিবাহ, মাদক ও আত্মহত্যা প্রতিরোধে তিনি সকলকে সোচ্চার ভূমিকা রাখার আহবান জানান।
মহিলা সমাবেশে বিভিন্ন শ্রেণি পেশার তিন শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে অবহিতকরণ সভা

বাংলাদেশ থেকে জলাতঙ্ক নির্মূলের লক্ষ্যে ঝিনাইদহ জেলায় ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০২৩ সদর উপজেলা অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে সদর উপজেলা সভাকক্ষে উপজেলা স্বাস্থ্য বিভাগের আয়োজনে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মিথিলা ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মনোজিৎ কুমার, মেডিকেল অফিসার ডাঃ ফয়সাল আহমেদ, স্বাস্থ্য পরিদর্শক ইনচার্জ নাজিম উদ্দীন জোয়ার্দার, উপজেলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, ইউপি চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস,পারভেজ মাসুদ লিল্টন, জাহাঙ্গীর আলম, আতিকুল হাসান মাসুম, সিরাজুল করিমসহ জনপ্রতিনিধি, সাংবাদিক ও স্বাস্থ্য বিভাগের ৬০ জনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অবহিতকরণ কর্মশালায় অংশ নেয়।

কোটচাঁদপুরে আগুনে পুড়ে ছাই কয়েল তৈরির কাঁচামাল কারখানা

কোটচাঁদপুরে আগুনে পুড়ে ছাই হয়েছে কয়েল তৈরির কাঁচামাল কারখানা। এতে করে ২৭ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে বলে দাবি ভুক্তভোগিদের। গতকাল সোমবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপেুরর বড়বামনদহ সড়কের একটি কারখানায়।

ভুক্তভোগী রাশেদুল ইসলাম বলেন, সোমবার রাত ২.৩০ মিনিটের সময় কারখানায় আগুন লাগে। এ সময় স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করেন। খবর পেয়ে ছুটে আসেন ফায়ার সার্ভিসের সদস্যরা। আগুন নিয়ন্ত্রণে আসার আগেই পুড়ে ছাই হয়ে যায় আমার প্রতিষ্ঠানটি।

কারখানায় নারকেলের মালায় ভেঙ্গে চুর্ন করা হত। করা হত কাঠের গুড়ারও চুর্ন। যা কয়েল তৈরিতে কাঁচা মাল হিসেবে ব্যবহারিত হত।

এ ছাড়া ছিল পুরাতন প্লাস্টিক,পলিথিন পসেসিংয়ের মেশিন। আগুনে মোট ৫ টি মেশিন পুড়ে ছাই হয়ে গেছে। পুড়ে নস্টো হয়েছে কয়েল তৈরির ৬ শ বস্তা কাঁচা মাল,কারখানার আসবাবপত্র। ।

কারখানার মালিক রাব্বি কোটচাঁদপুর কলেজের বাসস্ট্যান্ড এলাকার আব্দুর রহিমের ছেলে। তিনি বলেন, আমার পিতা আব্দুর রহিমের অনেক পুরাতন ব্যবসা ছিল এটা। গেল বছর ইসলামি ব্যাংক থেকে ১২ লাখ টাকা লোন করা হয়। গড়ে তোলা হয় প্লাস্টিক কারখানাটি।

তিনি বলেন, এ কারখানায় নারকেলের মালায় ভেঙ্গে চুর্ন করা হত। করা হত কাঠের গুড়ারও চুর্ন। যা কয়েল তৈরিতে কাঁচামাল হিসেবে ব্যবহারিত হত। সব মিলিয়ে আগুন লেগে ২৭ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে আমার।

এ ব্যাপারে কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার আক্কাস আলী বলেন,খবর পেয়ে আমরা রাত ৩.২০ মিনিটের সময় ঘটনা স্থলে পৌছায়। ২ ঘন্টার চেষ্টার পর আগুন নিয়ন্ত্রনে আসে।

তিনি বলেন, বৈদ্যুতিক গোলযোগে এ ঘটনা ঘটতে পারে। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর বলা যাবে প্রকৃত ক্ষতির পরিমান। তবে আনুমানিক ১২ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে। আর উদ্ধার করা

হয়েছে প্রায় ৩০ লাখ টাকার মালামাল।

কোটচাঁদপুরে জলাতঙ্ক মূলক অবহিতকরন সভা

দেশ থেকে জলাতঙ্ক নিমূলে কুকুরের উপর টিকা কার্যক্রমের অবহিত করন সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে সভা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, আবাসিক মেডিকেল অফিসার ডাঃ কৃষ্ণ কমল পাল সাগর, মেডিকেল অফিসার তানভীর জামান প্রতীক,স্বাস্থ্য অধিদপ্তরের এমডিভি প্রকল্পের সুপার ভাইজার সিডিসি ইশতিয়াক ইসলাম ও নাঈম হালিম।

এ ছাড়া উপস্থিত ছিলেন, ৫ ইউনিয়নের চেয়ারম্যানের প্রতিনিধিরা, গণমাধ্যমে কর্মীরাও।

সভায় বক্তারা বলেন, করোনার আগে কুকুরের এ টিকা দেয়া হয়েছিল। করোনার কারনে দুই বছর তা বন্ধ হয়ে যায়। এখন থেকে নিয়মিত কুকুরকে এ ভ্যাকসিন দেয়া হবে।

এ সময় তারা কুকুর ও কুকুরের ভ্যাকসিনের উপকারীতা তুলে ধরেন ওই প্রকল্পের সুপারভাইজার।

কোটচাঁদপুরে পানির কারখানায় অভিযান ৬০ হাজার টাকা জরিমানা

কোটচাঁদপুরে পানির কারখানায় অভিযান চালিয়েছেন ভ্রাম্যমান আদালত। তিন প্রতিষ্টানকে ৬০ হাজার টাকা জরিমানা, বন্ধ করা হয়েছে একটি। সোমবার কোটচাঁদপুর শহরে এ অভিযান চালানো হয়।

জানা যায়, কোটচাঁদপুর পৌর শহরে কয়েক জন অসাধু ব্যক্তি ফ্রেস পানির নামে অবৈধ্য প্রতিষ্ঠান গড়ে তুলে, তাদের ব্যবসা করে আসছিল। গতকাল সোমবার ভ্রাম্যমান আদালত অভিযান চালান কোটচাঁদপুর ব্রীজঘাট হালদার পাড়ার এস এম নুরুল আমীনের আলামিন টেড্রিংয়ের বিশুদ্ধ পানি সাপ্লাই, কলেজ বাসস্ট্যান্ডের আক্তার হোসেনের মিরর ডিংকি ওয়াটার ও হাইস্কুল সড়কের রুহুল আমীনের কোটচাঁদপুর ফ্রেস পানির কারখানায়।

এ তিনটি পানির কারখানাকে ৬০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালত। আর বন্ধ করে দিয়েছেন আলামিন ট্রেডিংয়ের ব্যাটারির পানির কারখানাটি।

অভিযানে উপস্থিত ছিলেন, ঝিনাইদহের ভোক্তাধিকারের সহকারি পরিচালক মামুনুল হাসান, কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্যানিট্যারি ইন্সপেক্টর মনিরুজ্জামান সহ সঙ্গীয় পুলিশ কর্মকর্তা ও সদস্যরা।

এ ব্যাপারে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট খান মাসুম বিল্লাহ বলেন, ভোক্তাধিকারের ৩৭ ধারা অনুযায়ী কোটচাঁদপুরেন তিনটি পানির কারখানাকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আর বন্ধ করে দেয়া হয়েছে একটি ব্যাপারির পানির কারখানা।

তিনি বলেন, প্রাথমিক ভাবে এ জরিমানা করা হয়েছে। এরপরও তারা সংশোধন না হলে, পরবর্তীতে জরিমানা সহ অন্যান্য পদক্ষেপ নেয়া হবে।

ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির পরিচিতি ও শপথ গ্রহণ অনুষ্ঠান

ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির কার্যনির্বাহী কমিটির নব-নির্বাচিত সদস্যদের পরিচিতি ও শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে জেলা পরিষদ অডিটোরিয়ামে জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিকীর সভাপতিত্বে পরিচিতি ও শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান ড.এম হারুন উর রশীদ, পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল,জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা,সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা, সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, এনটিভি ও দৈনিক যুগান্তরের স্টাফ রিপোর্টার মিজানুর রহমান, জেলা সমবায় কার্যালয়ের পরিদর্শক ও রিপোর্টার্স ইউনিটির নির্বাচন কমিশনার রুহুল আমীন মোল্লা,নব-নির্বাচিত জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি এম এ কবির, সাধারণ সম্পাদক সাহিদুর রহমান সন্টু,প্রচার ও প্রকাশনা সম্পাদক এস এম রবি ও কোষাধ্যক্ষ সম্রাট শাহ্সহ সকল সদস্যবৃন্দ।

ঝিনাইদহে ধর্ষণ মামলায় যুবকের যাবজ্জীবন কারাদন্ড

ঝিনাইদহে স্কুলছাত্রীকে ধর্ষণ মামলায় এক যুবকের যাবজ্জীবন কারাদন্ডাদেশ দিয়েছে আদালত। একই সাথে তাকে ১ লাখ টাকা অর্থদন্ডে দন্ডিত করা হয়েছে।

সোমবার দুপুরে জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মোঃ মিজানুর রহমান এ রায় প্রদাণ করেন।

মামলার বিবরণে জানা যায়, ২০১৩ সালে ঝিনাইদহ সরকারি বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেণীর এক ছাত্রীকে প্রায় উত্যক্ত করত শহরের হামদহ খন্দকারপাড়া এলাকার রেজওয়ানুল ইসলাম জনি। এক পর্যায়ে বিয়ের প্রস্তাবে রাজী না হওয়ায় ২০১৩ সালের ২১ মার্চ কোচিংয়ে যাওয়ার পথে জনি তার সহযোগীদের নিয়ে স্কুলছাত্রীকে অপহরণ করে নিয়ে ধর্ষণ করে। প্রায় ১ সপ্তাহ পর মেয়েটিকে উদ্ধার করে পুলিশ।

এ ঘটনায় নির্যাতিতার পিতা বাদী হয়ে ২ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতদের আসামী করে থানায় মামলা দায়ের করে। ৩ মাস পর পুলিশ জনিকে অভিযুক্ত করে আদালতে চার্জশীট দাখিল করে। দীর্ঘদিন বিচারিক প্রক্রিয়া শেষে আদালত ওই মামলার রায় ঘোষণা করেন।

শৈলকুপায় হত্যা মামলার পলাতক আসামী ৯ বছর পর গ্রেপ্তার

ঝিনাইদহের শৈলকুপায় হত্যা মামলার পলাতক আসামী ইসাহাক আলীকে ৯ বছর পর গ্রেপ্তার করেছে র্যাব।

সোমবার (২৭ ফেব্রুয়ারি) ভোর রাতে রাজাবাড়ী জেলার বালিয়াকান্দি থানার ধর্মতলা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। সে শৈলকুপা উপজেলার চতুরা গ্রামের মৃত মাহমুদ আলীর ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কোমান্ডার স্কোয়াড্রন লিডার ইশতিয়াক হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে শৈলকুপার চাঞ্চল্যকর আইয়ূব আলী মন্ডল হত্যা মামলার আসামী রাজবাড়ী জেলায় আত্মগোপনে আছে। পরে পুলিশ রাজবাড়ি জেলার বালিয়াকন্দি থানার ধর্মতলা এলাকায় অভিযান চালিয়ে আসামী ইসাহাক আলীকে গ্রেফতার করে। মামলার পর থেকে আসামী দীর্ঘ ৯ বছর ধরে পলাতক ছিলো।

শৈলকুপা উপজেলার চতুড়া গ্রামে নেকবার মন্ডল ও আইয়ূব আলী মন্ডলের

মধ্যে জমিজমা নিয়ে বিরোধ চলে আসছিল। এরই জের ধরে ১১ এপ্রিল ২০১৪ সালে ইসাহাক আলীসহ তার সহযোগীরা আইয়ূব আলীকে কুপিয়ে মারাত্ম জখম করে। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এ বিষয়ে নিহতের ভাই শওকত আলী মন্ডল শৈলকুপা থানায় হত্যা মামলা দায়ের করেন। আদালত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছে।

গ্রেপ্তারকৃত আসামী কে শৈলকুপা থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে ২২ লাখ টাকাসহ ২ সুদ কারবারি আটক

ঝিনাইদহের কালীগঞ্জে অভিযান চালিয়ে দুই সুদের কারবারিকে আটক করেছে পুলিশ। রোববার (২৬ ফেব্রুয়ারি) সকালে উপজেলার বড়তালিয়ান গ্রাম থেকে রেজাউল ও শরিফুল নামের দুইজনকে আটক করা হয়।

কালিগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রহিম মোল্লা বিষয়টি নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে ওসি জানান, মানুষের অভাব-অনটনকে পুঁজি করে বড়তালিয়ান গ্রামের ওই দুই ব্যক্তি মানুষের কাছ থেকে দীর্ঘদিন ধরে চড়া সুদে ঋণ দিয়ে আসছিলেন। টাকা দেওয়ার সময় ব্ল্যাঙ্ক চেক ও স্টাম্প স্বাক্ষর করিয়ে নিতেন তারা। পরে তাদের মামলার ভয় দেখিয়ে টাকা আদায় করে আসছিলেন তারা। বিষয়টি জানতে পেরে কালীগঞ্জ থানা পুলিশ স্থানীয়দের সহযোগিতা নিয়ে তাদের আটক করে। এসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় নগদ ২২ লাখ ৫০ হাজার টাকা, ৪ টি স্ট্যাম্প ও ১৫০ পাতা তালিকা খাতা।

আজ বিকেলে পুলিশের পক্ষ থেকে দ্রুত বিচার আইনে মামলা করে তাদের আদালতে পাঠানো হবে বলেও জানান পুলিশের এই কর্মকর্তা।

ঝিনাইদহে আমেনা খাতুন কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়ীয়া আমেনা খাতুন কলেজে তিন দিনব্যাপী বার্ষিক ক্রীড়া সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

দুপুরে আমেনা খাতুন কলেজ পরিচালনা পরিষদের সভাপতি মোঃ নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড.মোঃ আহসান হাবিব,ঝিনাইদহ পৌর সভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল,সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও কলেজের সদস্য পারভেজ মাসুদ লিল্টন ও অধ্যক্ষ মহিদুল ইসলাম,উপাধ্যক্ষ আব্দুস সালাম প্রমুখ। পরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।